

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৭১

२. यन गलाता সूि छे छे अत्म न्याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মাযলূমের দু'আ অবশ্যই কবূল হয়, যদিও তা কিছুটা বিলম্বে হয়

ذكر البيان بأن دعوة المظلوم تستجاب لَا مَحَالَةَ وَإِنْ أَتَى عَلَيْهَا الْبُرْهَةُ مِنَ الدهر

### আরবী

871 \_ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانِ الطَّائِيُّ قال: حدثنا فرح بْنُ رَوَاحَةَ الْمَنْبِجِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْمُدِلَّةِ أَنَّهُ سَمِعَ أَبَا قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا سَعْدُ الطَّائِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْمُدِلَّةِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:

(دَعْوَةُ الْمَظْلُومِ تُحْمَلُ عَلَى الْغَمَامِ وتُفتح لَهَا أَبْوَابُ السَّمَاوَاتِ وَيَقُولُ الرَّبُّ تَبَارَكَ وَتَعَالَى: وَعِزَّتِي لأَنْصُرَنَّك ولو بعد حين)

الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 871 | خلاصة حكم المحدث:.حسن لغيره ـ

قَالَ أَبُو حَاتِم رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو المدلة اسمه عبيد الله مدني ثقة.

#### বাংলা

৮৭১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মাযলূম ব্যক্তির দু'আ মেঘমালার উপর বহন করা হয়, তার জন্য আসমানসমূহের দরজা খুলে দেওয়া হয় এবং প্রতিপালক তাবারাকা ওয়া তা'আলা বলেন, "আমার ইজ্জতের কসম, অবশ্যই আমি তোমাকে সাহায্য করবো, যদিও কিছুটা সময় বিলম্বে হয়।"[1]

### ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩০৪; ইবনু মাজাহ: ১৭৫২; তিরমিযী: ৩৫৯৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



## রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৮৭০।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন